

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ফর্য সালাতের পর আল্লাহর কাছে তাঁর যিকির, তাঁর শুক্রিয়া আদায় ও তাঁর উত্তম ইবাদত করতে পারার জন্য তাঁর কাছে সাহায্য কামনা করার নির্দেশ

ذِكْرُ الْأُمْرِ بِسُوَّالِ الْعَبْدِ رَبَّهُ جَلَّ وَعَلَا أَنْ يُعِينَه عَلَى ذِكْرِهِ وَشُكْرِهِ وَعِبَادَتِهِ فِي عقب صلاته

আরবী

2018 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَرْدِيُّ قَالَ: حدثنا إسحاق بن إبراهيم قال: أخبرنا المقرىء قَالَ: حَدَّثَنَا حَيْوَةُ قَالَ: سَمِعْتُ عُقْبَةَ بْنَ مسلم التجيبي يقول: حدثني أبو عبد الرحمن الحبلي عن الصنابحي عن معاذ بن جبل: إن رسول الله صلى الله عليه وسلم أَخَذَ بِيَدِهِ يَوْمًا فَقَالَ: (يَا مُعَاذُ إِنِّي وَاللَّهِ لَأُحِبُك) فَقَالَ مُعَاذٌ: بِأَبِي أَنْتَ وَأُمِّي يَا رَسُولَ اللَّهِ وَأَنَا وَاللَّهِ أُحبُك فَقَالَ (أُوصِيك يَا مُعَاذُ لاَ تَدَعْ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ أَنْ تَقُولَ: اللَّهُمَّ عَلَى ذَكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِك) أَعِنِي عَلَى ذِكْرِك وَشُكْرِك وَحُسْنِ عِبَادَتِك) وَأَوْصَى بِذَلِكَ الصَّنَابِحِيُّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ عقبة بن مسلم وَأَوْصَى بِذَلِكَ الصَنْنَابِحِيُّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ عقبة بن مسلم وَأَوْصَى بِذَلِك الصَنْنَابِحِيُّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ عقبة بن مسلم الراوي : معاذ بن جبل ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2018 اخلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

২০১৮. মুয়ায বিন জাবাল রাদ্য়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার হাত ধরেন তারপর বলেন, "হে মুয়ায, আল্লাহর কসম, আমি তোমাকে ভালবাসি।" তখন মুয়ায রাদ্য়াল্লাহু আনহু বলেন, "আপনার জন্য আবার বাবা মা কুরবান হোক! আল্লাহর কসম, নিশ্চয়ই আমিও আপনাকে ভালবাসি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে মুয়ায, আমি তোমাকে অসিয়ত করছি যে, তুমি প্রত্যেক সালাতের পর এটা বলা ছেড়ে দিবে না: اللَّهُمَّ أُعِنِّي عَلَى ذَكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ (হে আল্লাহ,



আপনি আমাকে সাহায্য করুন আপনার যিকির করতে, আপনার শুকরিয়া আদায় করতে এবং আপনার উত্তম ইবাদত করতে)।"[1]

মুয়ায বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু এই করতে সুনাবিহীকে অসিয়ত করেন, সুনাবিহী আবূ আব্দুর রহমানকে, আবূ আব্দুর রহমান উকবাহ বিন মুসলিমকে এই ব্যাপারে অসিয়ত করেন।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৪৪-২৪৫; আবূ দাউদ: ১৫২২; তাবারানী: ২০/১১০; সহীহ ইবনু খুযাইমাহ: ৭৫১; হাকিম: ১/২৭৩; নাসাঈ: ৩/৫৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ১৩৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন